দৈনিক জনকণ্ঠ

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# মাদারীপুরে সেশন চার্জ পরিশোধ সাপেক্ষে নতুন বই

নিজস্ব সংবাদদাতা, মাদারীপুর, ৭ জানুয়ারি ॥ সরকার শত শত কোটি টাকা ব্যয় করে বছরের শুরুতেই বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে নতুন বই বিতরণ করে আসছে।

কিন্তু বই বিতরণে কতিপয় শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। এ সব শিক্ষা প্রতিষ্ঠানে সেশন ফি পরিশোধ করার পর শিক্ষার্থীদের নতুন বই বিতরণ করা হচ্ছে। ফলে শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

জানা গেছে, মাদারীপুর জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের কাছ থেকে ভর্তি ফি, বেতনসহ সেশন ফি আদায় করে নতুন বই দেয়া হচ্ছে। জনপ্রতি ৮শ' থেকে ১২শ' টাকা করে আদায় করা হচ্ছে এমন অভিযোগ ছাত্র-ছাত্রীদের। যারা বিদ্যালয়ের পাওনা পরিশোধ করতে পারছে না তারা নতুন বই থেকে বঞ্চিত হচ্ছে। এ পরিস্থিতি শুধু শহরেই নয়, গ্রাম-গঞ্জের স্কুলগুলোর অবস্থাও একই রকম। সাধারণত গ্রামের স্কুলগুলোতে অধিকাংশ দরিদ্র পরিবারের ছেলে-মেয়েরা লেখাপড়া করে। এমন কিছু পরিবার আছে যাদের সেশন ফি দেয়ার সামর্থ্য নেই। এ অবস্থায় শিক্ষার্থী ঝরে পড়ার আশঙ্কা রয়েছে।

নাম প্রকাশ না করার শর্তে কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বলেন, শিক্ষার্থীরা এলে তাদের বই দিয়ে দেয়া হচ্ছে। কারও কাছ থেকে জোর করে বিদ্যালয়ের পাওনা আদায় করা হচ্ছে না। কেউ তা করে থাকলে সেটা হবে দুঃখজনক।